

স্বাস্থ্য, সুস্থতা ও মাইন্ডফুলনেস বুকলেট

নর্থ ওয়েলস রিজিওন, 2021



স্বাস্থ্য, সুস্থতা ও মাইন্ডফুলনেস বুকলেট

নর্থ ওয়েলস অঞ্চলে সংখ্যালঘু কমিউনিটির জন্য স্বাস্থ্য, সুস্থতা ও মাইন্ডফুলনেস বুকলেট তৈরি করার জন্য Race Equality First, (REF)-কে Betsi Cadwaladr University Health Board অর্থায়ন করেছে। এই বুকলেটটি বেশ কয়েকটি চিহ্নিত ভাষায় অনুবাদ করা হবে এবং এর উদ্দেশ্যগুলো হলো স্বাস্থ্য ও সুস্থতা সম্পর্কে তথ্য প্রদান করা। আপনি বাড়ি থেকে বা আপনার স্থানীয় এলাকায় করতে পারেন এমন ধারণা, টিপস ও ক্রিয়াকলাপ এবং আপনার স্থানীয় ও আঞ্চলিক স্বাস্থ্যসেবা সহায়তা সেবা, প্রতিষ্ঠান ও গোষ্ঠীর সাথে যোগাযোগের বিস্তারিত তথ্যও এতে অন্তর্ভুক্ত থাকবে।

এই বুকলেটটি স্থানীয় কর্তৃপক্ষ বিভাগসমূহে বিভক্ত করা হয়েছে, সুতরাং যদি আপনি ফ্লিন্টশায়ারের একজন বাসিন্দা হন (উদাহরণস্বরূপ), আপনি সরাসরি আপনার এলাকায় চলে যেতে পারেন এবং আপনি যুক্ত হতে পারেন এমন স্থানীয় গোষ্ঠী ও প্রতিষ্ঠানগুলো খুঁজে নিতে পারেন যারা আপনাকে 'সুস্থতার 5টি উপায়' এর সাথে যুক্ত করতে পারে (বিস্তারিত পৃষ্ঠাতে 2 ও 3 এ)। আমরা আরো বেশ কিছু সংশ্লিষ্ট সহায়তা সেবা অন্তর্ভুক্ত করেছি এবং যদি আপনার সেগুলোর সহায়তা প্রয়োজন হয়, তাহলে এই বুকলেটটি সেগুলোর অ্যাক্সেসের ডিরেক্টরি হিসেবে ব্যবহার করা যেতে পারে।

নর্থ ওয়েলস জুড়ে প্রতিটি স্থানীয় কাউন্সিল অঞ্চলের জন্য সোশ্যাল প্রেসক্রাইবিং সেবা রয়েছে এবং আপনি আপনার স্থানীয় কমিউনিটির বিভিন্ন গোষ্ঠী, কাজ ও সেবার অ্যাক্সেসের জন্য সংশ্লিষ্ট নম্বরে কল করতে পারেন। এগুলো আপনি বুকলেটটির বিভিন্ন স্থানীয় কর্তৃপক্ষ বিভাগে খুঁজে পাবেন।

Race Equality First (REF) কারা?

REF-এর এমন একটি সমাজের লক্ষ্য রয়েছে যেখানে জাতি বা অন্যান্য যে কোনো ব্যক্তিগত বৈশিষ্ট্য ভিত্তিক বৈষম্য ছাড়াই সকল ব্যক্তির সমান অধিকার থাকবে। আমাদের উদ্দেশ্য হলো বৈষম্য, হয়রানি, ঘণামূলক অপরাধ ও অসুবিধার সম্মুখীন ব্যক্তিদেরকে সহায়তা, পরামর্শ, নেতৃত্ব ও প্রভাবশালী মতামত প্রদান করা। আমাদের লক্ষ্য হলো জাতি বৈষম্য দূর করার জন্য কাজ করা; ইকুয়ালিটি অ্যাক্ট 2010 এর অন্তর্গত সকল সুরক্ষিত বৈশিষ্ট্যগুলোতে সুযোগের সমতার প্রচার করা; এবং বিভিন্ন জাতিগত গোষ্ঠীর ব্যক্তিদের মধ্যে সুসম্পর্ক বাড়া।

REF আমাদের কেসওয়ার্ক সার্ভিসের (Case-work Service) মাধ্যমে ঘণামূলক অপরাধ ও বৈষম্যের শিকার ব্যক্তিদেরকে সহায়তা করে। যদি আপনি সংখ্যালঘু কমিউনিটির কেউ হন ও বিশ্বাস করেন যে কর্মক্ষেত্রে বা কোনো সেবা প্রদানকারীর দ্বারা আপনি অন্যায় আচরণের শিকার হচ্ছেন অথবা যদি মনে করেন আপনি কোনো ঘণামূলক অপরাধের শিকার হয়েছেন, তাহলে অনুগ্রহ করে নিচের বিস্তারিত অনুযায়ী আমাদের সাথে যোগাযোগ করুন।

পাশাপাশি, REF ব্যঙ্গদের ও স্বাস্থ্যসেবাগুলোতে অ্যাক্সেসের অগ্রাধিকার সহ কৃষ্ণাঙ্গ, এশিয়ান

ও সংখ্যালঘু জাতিগত কমিউনিটির লোকদের জন্য একটি ওকালতি সেবা পরিচালনা করে। যদি আপনি মনে করেন যে সেবা ও সহায়তার প্রয়োজনসমূহ, কিভাবে অভিযোগ করবেন, বাড়িতে স্বাধীনভাবে বসবাসের সরঞ্জাম, আবাসন, বাড়ির রক্ষণাবেক্ষণ ও মেরামত, স্বাস্থ্য সচেতনতা, প্রভাবিত করার চর্চা, স্থানীয় সেবাসমূহের উন্নয়ন বা সেবা প্রদানকারীদেরকে আপনার প্রয়োজন সম্পর্কে অবহিত করা এসব বিষয়ে আপনার সহযোগিতা প্রয়োজন - তাহলে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন এবং আমরা সহায়তা করতে পারবো।



Race Equality First



"Working with you to make equality a reality"

2	Race Equality First (REF) কারা?
3	Betsi Cadwaladr University Health Board
4	সুস্থতার পাঁচটি উপায়
5	কিভাবে আমি আমার প্রতিদিনের রুটিনে 'সুস্থতার পাঁচটি উপায়' প্রয়োগ করতে পারি?
6	Anglesey Services
9	Conwy Services
12	Gwynedd Services
15	Denbighshire Services
18	সুস্থতার জন্য পরামর্শ
20	Flintshire Services
23	Wrexham Services
26	স্বাস্থ্য, সুস্থতা ও মাইন্ডফুলনেস প্রাতিষ্ঠানিক অবদানকারী
27	অন্যান্য সহায়তা সেবা ও প্রতিষ্ঠানসমূহ

Betsi Cadwaladr University Health Board



Betsi Cadwaladr University Health Board-এর নতুন প্রধান নির্বাহীর সাথে পরিচিত হোন।

হাই, আমার নাম Jo Whitehead এবং সম্প্রতি আমি Betsi Cadwaladr University Health Board এর নতুন প্রধান নির্বাহী হিসেবে নিয়োগ পেয়েছি।

আমি অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ডের Mackay Hospital and Health Service এর প্রধান নির্বাহীর পদ থেকে Betsi Cadwaladr University Health Board-এ যোগ দিয়েছি। যুক্তরাজ্য ও অস্ট্রেলিয়ার স্বাস্থ্যসেবা ক্ষেত্রে 30 বছরের বেশি সময় কাজ করার পর। যেহেতু আমার জন্ম বেক্রামে, নর্থ ওয়েলসে ফিরে আসতে পেরে আমি গর্বিত।

কৃষ্ণাঙ্গ এশিয়ান ও সংখ্যালঘু জাতিগত কমিউনিটি এবং খুব শোনা যায় এমন অন্যান্য জনগোষ্ঠী সহ নর্থ ওয়েলস জুড়ে আমাদের কমিউনিটির জনগণের জীবনে সত্যিকারের পরিবর্তন আনার ও স্বাস্থ্যের উন্নতি করার এই সুযোগটি আমার জন্য এক বিরাট পাওয়া।

Jo Whitehead
প্রধান নির্বাহী



নর্থ ওয়েলসে আপনার নতুন এনগেজমেন্ট অফিসারের সাথে পরিচিত হোন।

আমার নাম Rafat Arshad-Roberts, নর্থ ওয়েলস জুড়ে সংখ্যালঘু জাতিগত কমিউনিটিসমূহের সাথে যুক্ত হতে সহযোগিতা করার জন্য Betsi Cadwaladr University Health Board কর্তৃক নিযুক্ত এনগেজমেন্ট অফিসার।

Welsh Government -এর অর্থায়নে পরিচালিত এই নতুন ভূমিকাটি লোকজনকে আমাদের NHS Wales (TTP) Test, Trace, and Protect service ইত্যাদির মতো সেবাগুলো ব্যবহার করা থেকে দূরে রাখে এমন বাধা চিহ্নিতকরণ ও বিতর্ককরণে দৃষ্টিনিষ্ফল করে এবং Health Board ও কমিউনিটিসমূহের মধ্যে দ্বি-পাক্ষিক সংলাপে সহযোগিতা করবে।

আমার ভূমিকা প্রধান বার্তাসমূহ পৌঁছে দিতে এবং লোকদেরকে COVID-19 ভ্যাকসিন গ্রহণ বা অন্যান্য স্বাস্থ্য ও সুস্থতা সেবা গ্রহণ করা থেকে দূরে রাখে এমন মিথ্যা তথ্য দূরীকরণেও সহায়তা করবে।

স্টেকহোল্ডারদের সাথে আমিও জনসাধারণের সাথে সাক্ষাৎ করতে চাই এবং বর্তমানে Health Board কিভাবে কৃষ্ণাঙ্গ এশিয়ান ও সংখ্যালঘু জাতিগত কমিউনিটি এবং খুব কম শোনা যায় এমন অন্যান্য জনগোষ্ঠীর সাথে যুক্ত হয় সে ব্যাপারে আলোচনা করতে চাই। আমি বিশেষ করে উন্নয়নশীল ক্ষেত্রসমূহ ও Health Board-এর অর্থপূর্ণভাবে ক্রমাগত যুক্ত থাকার উপায় সম্পর্কে লোকজনের মতামতের ব্যাপারে আগ্রহী।

Rafat Arshad-Roberts
এনগেজমেন্ট অফিসার

আপনি ইমেইলের মাধ্যমে Rafat-এর সাথে যোগাযোগ করে কমিউনিটির সমস্যাগুলো সম্পর্কে কথা বলতে পারেন Rafat.Arshad-Roberts@wales.nhs.uk



029 2048 6207
info@raceequalityfirst.org.uk
www.raceequalityfirst.org
@REFCardiffVG
Race Equality First
@raceequalityfirst

‘সুস্থতার পাঁচটি উপায়’

‘সুস্থতার পাঁচটি উপায়’ কী?

সুস্থতার পাঁচটি উপায় ফ্রেমওয়ার্ক হলো পাঁচটি প্রমাণ-ভিত্তিক কাজের একটি সেট যা মানসিক স্বাস্থ্য ও সুস্থতা উন্নত করে। সাম্প্রতিকতম বৈজ্ঞানিক প্রমাণের ভিত্তিতে সাধারণ এই কাজগুলো যদি নিয়মিত করা হয় তবে আপনার সুস্থতা বাড়ে এবং আপনার জীবনযাত্রা উন্নত হবে। এই কাজগুলো সকল বয়স ও যোগাতার লোকের জন্য উপযুক্ত। [Betsi Cadwaladr University Health Board \(BCUHB\)](#) সম্পর্কে আরো তথ্য তাদের ওয়েবসাইটে পাওয়া যাবে।

‘সুস্থতা’ বলতে আসলে কী বুঝায়?

এটি বুঝতে সহায়তা করার জন্য New Economics

Foundation একটি সহজ সংজ্ঞা উপস্থাপন করেছিল যে, মানসিক সুস্থতার জন্য একজন ব্যক্তির ‘ভালো বোধ করা’ ও ‘ভালোভাবে কাজ করা’ দুটোরই প্রয়োজন।

‘সুস্থতার পাঁচটি উপায়’ আরো যেসকল বিষয়ে আপনাকে সহায়তা করতে পারে:

- সময় বের করে ও কঠিন পরিস্থিতিতে মানিয়ে চলা শেখার মাধ্যমে সুযোগের সর্বোত্তম ব্যবহার করা ও মানসিক চাপযুক্ত পরিস্থিতি মোকাবেলা করা।
- নিজেকে উৎসর্গ করা ও নিজেকে বিস্তৃত

কমিউনিটির একটি অংশ ভাবার মাধ্যমে আন্তঃব্যক্তিক দক্ষতা, সহমর্মিতা ও যোগাযোগ দক্ষতা বৃদ্ধি করা।

- আপনি কোন কাজে ভালো ও অন্যকে কী দিতে পারেন সেটি চিহ্নিত করে আপনার কর্মসংস্থান ও নিজ যোগাতার সম্ভাবনা বাড়িয়ে বৃদ্ধি করা।

প্রকৃত অর্থে নিজের সুস্থতা বৃদ্ধি করার সর্বোত্তম উপায় হলো এটি বুঝা যে: ‘সুস্থতা আমার কাছে গুরুত্বপূর্ণ’ এবং ‘আমার সুস্থতা বাড়াতে অনেক কিছুই আছে যা আমি করতে পারি’।

অনেক ছোট ও সহজ উপায়ে আপনি আপনার দৈনন্দিন ও সাপ্তাহিক রুটিনের মধ্যে সামঞ্জস্য করতে পারেন। নিজ মানসিক স্বাস্থ্য ও সুস্থতায় মনোনিবেশ করার জন্য সময় নেওয়া খুবই জরুরি। সোশ্যাল মিডিয়া, কাজ এবং/বা পরিবারের সদস্যদের সেবায় ব্যস্ত থাকা এতো সহজ যে আপনি ভুলেই যান আপনার নিজের স্বাস্থ্য ও সুস্থতা কতোটা গুরুত্বপূর্ণ।

এই পেজে কিছু ব্যবহারিক ও কার্যকর উপায় রয়েছে যার মাধ্যমে আপনি আপনার মানসিক স্বাস্থ্য ও সুস্থতার প্রতি খেয়াল করা নিশ্চিত করতে পারেন (এর বাইরেও আরো অনেক কিছু করার আছে!) এই বুকলেটে আপনি অনেক স্থানীয় ও আঞ্চলিক, গোষ্ঠী ও প্রতিষ্ঠানও পাবেন যাদের সাথে যুক্ত হয়ে আপনি কিছু অসাধারণ কাজ এবং আপনার মানসিক স্বাস্থ্য ও সুস্থতার জন্য সহায়তা পেতে পারেন।

কিভাবে আমি আমার প্রতিদিনের রুটিনে ‘সুস্থতার পাঁচটি উপায়’ প্রয়োগ করতে পারি??

1. খেয়াল করুন

- কর্মক্ষেত্র/স্কুলের দিকে বা কর্মক্ষেত্র/স্কুল থেকে ভিন্ন, আরো সুন্দর একটি পথ অনুসরণ করুন, থামুন এবং সত্যিকার অর্থে আপনার চারপাশের সাথে যুক্ত হোন।
- আপনার শক্তি ও কিভাবে আপনি তার সর্বোত্তম ব্যবহার করেন সেটি বিবেচনা করুন, কে ও কেন আপনাকে অনুপ্রেরণা যোগায় সেটি ভাবুন।
- বন্য ফুল ও তারা কোথায় জন্মায় সেটি খেয়াল করুন, বাইরের প্রাণি ও পাখিদের দেখুন।
- আপনার জানালায় বৃষ্টির শব্দ শুনুন – ওয়েলসে প্রচুর বৃষ্টি হয়!
- মেঘ দেখুন, খেয়াল করুন তারা কিভাবে আকৃতি বদলায়, কত দ্রুততার সাথে তারা চলে।
- নতুন খাবার পরখ করুন এবং খেয়াল করে দেখুন তার স্বাদ আপনার কেমন লাগে।

2. সংযোগ করুন

- বন্ধু-বান্ধব ও পরিবার-পরিজনের সাথে কথা বলুন, দিনের ঘটনাবলী তাদেরকে জানান ও তাদের দিনের খবরাখবরও নিন – মনোযোগ দিন ও শুনুন।
- হাসুন/হাসার চেষ্টা করুন এবং নতুন ও ভিন্ন লোকদের সাথে কথা বলুন, নতুন লোকদের সাথে সংযোগ করলে আপনি ভালো বোধ করবেন।
- কাউকে মেসেজ দেওয়া বা সোশ্যাল মিডিয়ায় যোগাযোগ করার পরিবর্তে ফোনে কল বা সরাসরি কথা বলুন।
- এমন কারো সাথে যোগাযোগ করুন যার সাথে আপনি আগে সময় কাটাতেন - একসাথে আগের সময়টি মনে করুন ও স্মৃতিচারণ করুন।
- একটা দিনের জন্য আপনার ফোন ব্যবহার করবেন না (অথবা অন্তত কয়েকটা দিনের জন্য!)
- কাউকে একটি চিঠি লিখুন বা একটি পোস্টকার্ড/কার্ড পাঠান। তাদেরকে জানান যে তাদেরকে আপনার মনে পড়ে।

3. সক্রিয় হোন

- আপনার পছন্দের গানটি চালান ও তার সাথে নাচুন।
- মধ্যাহ্ন ভোজের পর অথবা কাজ/স্কুলের পরে হাঁটতে বের হন - গাড়িতে যাওয়ার পরিবর্তে হেঁটে বন্ধু-বান্ধবের সাথে দেখা করতে যান।
- স্থানীয় পার্কে যান, কোনো ন্যাশনাল ট্রাস্ট গার্ডেন বা ওয়াইল্ডলাইফ রিজার্ভ পরিদর্শন করুন।
- সকাল, দুপুর ও সন্ধ্যায় আপনার শরীরের অঙ্গ-প্রত্যঙ্গ প্রসারিত করুন ও নড়াচড়া করুন – দীর্ঘক্ষণ এক জায়গায় বসে থাকবেন না।
- কিছু বাগান করুন, একটি অ্যালটমেন্ট চালান, পার্কে হাঁসদের খেতে দিন বা কোনো স্থানীয় গার্ডেনিং গ্রুপে যোগ দিন।
- নতুন শরীরচর্চা করুন, সাঁতার কাটা বা সাইকেল চালানো শিখুন, নতুন কোনো স্থানীয় স্পোর্টস ক্লাব বা টিমের যোগ দিন।



4. শিখতে থাকুন

- নতুন কিছু আবিষ্কার করুন, আপনার পারিবারিক ইতিহাস গবেষণা করুন - আপনি আগ্রহী এমন কিছু সম্পর্কে আরো তথ্য বের করুন।
- খবর বা নতুন কোনো বই পড়ুন – কোনো স্থানীয় বিনামূল্যের লাইব্রেরি সেবা ব্যবহার করুন।
- এমন কোনো ক্লাস বা দলে যোগ দিন যেখানে আপনি কারুশিল্প, খেলাধুলা বা শিষ্কার মতো নতুন কিছু শিখতে পারেন।
- নিজের সম্পর্কে নতুন কিছু জানুন - ভিন্ন কিছু চেষ্টা করতে ভয় পাবেন না!
- কোনো স্থানীয় জাদুঘর বা ন্যাশনাল ট্রাস্ট প্রপার্টিতে যান।
- নতুন কোনো হবি বা ভাষা শিখুন – এর জন্য [duolingo](#) অসাধারণ একটি অ্যাপ!

5. দিতে শিখুন

- একজন বন্ধুর খবরাখবর নিন, হাসুন ও কথাবার্তা বলার জন্য সময় নিন।
- আপনার অপ্রয়োজনীয় জিনিসপত্র স্থানীয় কোনো দাতব্য দোকানে দিয়ে দিন অথবা কোনো স্থানীয় দাতব্য বা কমিউনিটি গোষ্ঠীর স্বেচ্ছাসেবক হোন।
- অন্য কারো জন্য কিছু করতে আপনার সময় দিন; প্রতিবেশীকে সাহায্য করুন; বাজার বহন করুন, সহযোগিতার প্রস্তাব দিন।
- একটি ঐতিহ্যবাহী কেক বেক করুন ও কাউকে দিন - এটি তাদের দিনকে আলোকিত করবে!
- অভাবীদের সহায়তার জন্য ফুড ব্যাংকে কিছু খাবার দিন - দাতব্য প্রতিষ্ঠানের জন্য অর্থ সংগ্রহের উপায় সম্পর্কে ভাবুন।
- কিভাবে কাউকে পুনরুদ্ধারের অবস্থানে রাখা যায় ও কিভাবে প্রাথমিক চিকিৎসা দেওয়া যায় তা শিখুন।

আমাদের সুস্থতা বাড়াতে পাঁচটি সহজ কাজ আমরা করতে পারি।



1. খেয়াল করুন

নিজেকে সময় দিন, চারপাশের সবকিছু খেয়াল করুন ও মুহূর্তটি উপভোগ করুন

2. সংযোগ করুন

দিনটিকে পরিপূর্ণ করে তোলার জন্য বন্ধু-বান্ধব ও পরিবার-পরিজনের সাথে যুক্ত হওয়ার এখনই সময়

3. সক্রিয় হোন

সক্রিয় থাকলে আপনার ভালো অনুভূতি হবে চলাফেরা করুন - নাচুন, গান করুন; হাঁটা, দৌড়ানো বা সাইকেল চালানোর জন্য বের হোন

4. শিখতে থাকুন

নতুন কিছু শেখা আনন্দদায়ক হতে পারে, এর ফলে আপনার ভালো একটি অনুভূতি হতে পারে এবং আপনার আত্মবিশ্বাস বাড়তে পারে

5. দিতে শিখুন

দানশীল কাজ, অন্যদেরকে সহযোগিতা করা অথবা এমনকি স্বেচ্ছাসেবী কাজও আপনাকে আনন্দ দিতে পারে



সুস্থতার 5টি উপায়-এর প্রাতিষ্ঠানিক লিঙ্কসমূহ:



Anglesey

এই অংশে 20টি প্রতিষ্ঠান রয়েছে যারা তাদের স্থানীয় কমিউনিটির লোকদের জন্য স্বাস্থ্য / সুস্থতা সহায়তা ও কার্যকলাপ প্রদান করে। আরো অনেক গ্রুপ রয়েছে, সূত্রাং আপনি যদি এই পেজে আপনাকে আগ্রহী করার মতো কিছু দেখতে না পান, তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় সামাজিক প্রেসক্রাইবিং সেবা [Mon Community Link](#)-এর সাথে 01248 725745 নম্বরে যোগাযোগ করুন যারা আপনাকে আপনার কাজ/সেবার চাহিদায় সাইনপোস্ট করতে পারে। আপনি Race Equality First-এর সাথেও সবসময় যোগাযোগ রাখতে পারেন এবং আমরা আপনাকে এই গ্রুপ/সেবাগুলোর যে কোনোটিতে অ্যাক্সেস করার পাশাপাশি আপনার অন্যান্য প্রয়োজনেও সহায়তা করতে পারি।

Abbey Road Centre - Bangor

মানসিক স্বাস্থ্য ও সুস্থতা কেন্দ্র - কার্যকলাপ, ওয়ান-টু-ওয়ান সহায়তা, পরামর্শ সেবা, থেরাপি ও প্রশিক্ষণ।

☎ 01248 354888 ✉ ARC@abbeyroadcentre.co.uk 🌐 www.abbeyroadcentre.co.uk

Adult services (County Council) - Llangefni

লোকদের স্বাধীনতা বজায় রাখতে সহায়তা স্বাস্থ্য ও সামাজিক সেবা অ্যাক্সেস করার জন্য সাধারণ কমিউনিটিকে সহায়তা তথ্য, পরামর্শ ও সাইনপোস্টিং।

☎ 01248 752752 ✉ asduty@ynysmon.gov.uk

🌐 www.anglesey.gov.uk/en/browse/Residents/Adult-social-care

Anglesey Federation of WI's (Women Institute)

আইল্যান্ডের 16টি স্থানে বিদ্যমান মহিলা সংস্থা। তারা গ্রুপের উপর নির্ভর করে বিভিন্ন কার্যকলাপ প্রদান করে, যার মধ্যে কয়েকটি হলো খেলাধুলা, বিতর্ক, সঙ্গীত সন্ধ্যা, জিনিস তৈরি, দক্ষতা-উন্নয়ন কর্মশালা।

☎ 01248 717600 ✉ afwisecretary@btconnect.com 🌐 www.afwi.org.uk

Anglesey Library Service

বিনামূল্যের সদস্যতা যার মধ্যে আপনার বাড়িতে বই ডেলিভারি অন্তর্ভুক্ত। আপনার স্থানীয় কমিউনিটিতে যাওয়ার জন্য মোবাইল লাইব্রেরি, কার্যকলাপ, বিনামূল্যে ভাষা শিক্ষা কোর্স। লেঞ্জফনি, হলিহেড, আমলউচ, বেনেলেক, মেনাই ব্রিজ, বৌমারিস ও রোসনিগার-তে পাওয়া যায়।

☎ 01248 752095 / 01407 762917 ✉ llefrelloedd@ynysmon.gov.uk

🌐 www.anglesey.gov.uk/en/Residents/Libraries/Join-the-library.aspx

Adferiaid (CAIS)

CAIS একটি নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান যা লোকদেরকে তাদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনতে সহায়তা করে। এই লোকেরা নির্ভরতা, মানসিক স্বাস্থ্য সমস্যা, বেকারত্ব, আপত্তিকর পাশাপাশি জীবনে অন্যান্য চ্যালেঞ্জ দ্বারা আক্রান্ত হতে পারে।

☎ 0345 061 2112 ✉ enquiries@cais.org.uk 🌐 www.cais.co.uk / www.adferiad.org.uk

Canolfan SSIE/ ESOL Centre, Grwp Llandrillo-Menai

শিক্ষানবিস থেকে শুরু করে অ্যাডভান্সড সকল স্তরে, খণ্ডকালীন বা ফুলটাইম ক্লাস, দিনের বেলা বা সন্ধ্যায় শিখুন, যে কোনো সময় শুরু করুন, আপনার ইংরেজি উন্নত করুন, যোগ্যতা অর্জন করুন (Cambridge English, IELTS), কাজ সন্ধান করুন/আপনার কাজে সহায়তা নিন, বিশ্ববিদ্যালয় ও অন্যান্য কলেজ কোর্সে ভর্তি হোন, আপনার সন্তানদের স্কুলের কাজে সহায়তা করুন, বন্ধু বানান এবং ওয়েলশ সংস্কৃতি সম্পর্কে জানুন।

☎ 01248 383 347 ✉ esol@gllm.ac.uk 🌐 www.gllm.ac.uk/learn-teach-english

Carers Outreach Service

গোয়েনেড, কোনউই ও অ্যাঙ্গেলসিতে অবৈতনিকভাবে তত্ত্বাবধায়ন সেবাদানকারীদের জন্য সহায়তা, আপনার কেয়ারার দায়িত্বসমূহের সাথে মানিয়ে নিতে সহযোগিতা। যদি আপনার তথ্য, সহায়তা বা শুধু নিজের জন্য সময় প্রয়োজন হয়, তাহলে আপনার জন্য Carers Outreach রয়েছে।

☎ 01248 370797 ✉ help@carersoutreach.org.uk 🌐 www.carersoutreach.org.uk

Citizens Advice Anglesey

মানুষের জীবনকে প্রভাবিত করে এমন বড় সমস্যা বিষয়ক পরামর্শ (আবাসন, কর্মসংস্থান, সুবিধাদি) - মানসিক স্বাস্থ্য ও সুস্থতা সহায়তা, স্বৈচ্ছাসেবার সুযোগ। প্রস্তাবগুলো Llangefni, Amlwch ও Holyhead ভিত্তিক।

☎ 08082787932 ✉ AngleseyCA@gmail.com 🌐 www.citizensadvice.org.uk/local/ynys-mon/

Community Mental Health Team (County Council) - Llangefni

মানসিক ও আবেগজনিত স্বাস্থ্য সমস্যার জন্য বিশেষজ্ঞদের সহায়তা - ব্যক্তিগত পরামর্শ বা দলীয় কার্যকলাপ।

☎ 01248 752752 / 01248 353551 (কয়েক ঘণ্টার মধ্যে জরুরি সহায়তা))

🌐 www.anglesey.gov.uk/en/Residents/Adult-social-care/Mental-Health...

Digartref – Holyhead

গৃহহীনতার সহায়তা ও প্রতিরোধ - Lighthouse Day Centre-এ পরামর্শ, তথ্য, প্রশিক্ষণ ও খাবার। পরামর্শ ও সাইনপোস্টিংয়ের মাধ্যমে পারিবারিক সমস্যা, ক্ষতি ও মৃত্যু শোকের সমস্যার মুখোমুখি হওয়া শিশু ও তরুণ, পিতা-মাতাকে মধ্যস্থতার প্রস্তাবও দেয়। Lighthouse Day Centre-এ তহবিল সংগ্রহকারী বা আরো কিছু হিসেবে সহায়তার জন্যও আপনি স্বৈচ্ছাসেবক হতে পারেন।

☎ 01407 769995 ✉ enquiries@digartref.co.uk 🌐 www.digartref.co.uk

Gorwel – Llangefni

গৃহ নির্যাতনের শিকার নারী, পুরুষ ও শিশুদের জন্য সহায়তা এবং গৃহহীনতা প্রতিরোধ সেবা। সুবিধা, অনুদান ও আইনি সমস্যা, সুরক্ষা, স্বাস্থ্য সমস্যা, শিক্ষা, প্রশিক্ষণ, ব্যবহারিক দক্ষতা এবং শিশুদের বিষয়ে সহায়তা প্রদান করতে পারে।

☎ 0300 111 2121 ✉ gorwel@gorwel.org 🌐 www.gorwel.org

Gwynedd And Anglesey Shared Lives Scheme

দুর্বল ব্যক্তি ও পরিবারগুলোর জন্য স্বাধীন জীবনযাপনের সহায়তা। প্রস্তাবগুলো পুশহেলি, ডোলগেলু ও লেঞ্জফনি ভিত্তিক।

☎ 01758 704145 / 01341 424511 ✉ Cynllun.lleoli@gwynedd.llyw.cymru 🌐 www.gwynedd.llyw.cymru

Medrwn Môn

Medrwn Môn-এর উদ্দেশ্য হলো অ্যাঙ্গেলসিতে ব্যক্তি, গোষ্ঠী ও কমিউনিটির সাথে কাজ করে স্বৈচ্ছাসেবী ও কমিউনিটি প্রতিষ্ঠানগুলোকে প্রচার এবং সহায়তা করা যাতে তারা আইল্যান্ডের সম্ভাবনা বিকাশে পুরোপুরি ও উল্লেখযোগ্য ভূমিকা পালন করে।

☎ 01248 724944 ✉ post@medrwnmon.org 🌐 www.medrwnmon.org

Môn Actif

সকল বয়স ও দক্ষতার মানুষের জন্য বিভিন্ন ধরণের অবসর কেন্দ্র - আমলউচ, হলিহেড, মেনাই ব্রিজ ও লেঞ্জফনি কেন্দ্রিক।

☎ 01248 752435 ✉ monactif@anglesey.gov.uk / monactif@ynysmon.gov.uk

🌐 www.facebook.com/MonActif/ / monactifonline.anglesey.gov.uk/bookings

British Heart Foundation স্বাস্থ্য পরামর্শ

রক্তচাপ - আপনার সংখ্যা জানুন
উচ্চ রক্তচাপ আপনার হার্ট অ্যাটাক এবং স্ট্রোকের ঝুঁকি বাড়ায়, সূত্রাং আপনার রক্তচাপ জানা থাকা আপনার জীবন বাঁচাতে পারে। উচ্চ রক্তচাপ কমাতে অথবা ইতোমধ্যে আপনি এই সমস্যায় আক্রান্ত হয়ে থাকলে তা নিয়ন্ত্রণ করতে BHF আপনাকে গুটি শীর্ষ উপদেশ দিয়ে থাকে।

1. নিয়মিত শারীরিক কার্যক্রম সম্পাদন করুন
2. একটি স্বাস্থ্যকর ওজন বজায় রাখুন
3. একটি স্বাস্থ্যকর সুষম খাদ্যাভ্যাস গড়ে তুলুন
4. লবণের পরিমাণ কমিয়ে দিন
5. অতিরিক্ত মদ্যপান করবেন না
6. চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ওষুধ সেবন করুন

অধিকতর তথ্য পাওয়া যেতে পারে এখানে:

www.bhf.org.uk/information-support/heart-matters-magazine/research/blood-pressure/blood-pressure-tips



British Heart Foundation
Cymru

🐦 @BHF Cymru

📺 BHF Wales

📷 @the_bhf

Age Cymru: Physical Health activities for people over 50



LIFT - লো ইম্প্যাক্ট ফাংশনাল ট্রেনিং বয়স্ক লোকজনকে সার্বিক কার্যক্রমে অংশগ্রহণের জন্য উৎসাহিত করার জন্য পরিকল্পিত একগুচ্ছ কার্যক্রম এবং খেলাধুলা যা আপনার হৃদপিণ্ড এবং ফুসফুস, পেশী, নমনীয়তা এবং ভারসাম্যকে শক্তিশালী করবে। সকল কর্মকাণ্ড সুবিধাজনক আসনে এবং দণ্ডায়মান ব্যায়ামের মাধ্যমে পরিচালিত হয় যাতে আপনি সব সময় আপনার জন্য আরামদায়ক পর্যায়ে কাজ করতে পারেন। 50+ বছর বয়সী লোকদের জন্য এই সেশনটি আরো

বিশেষভাবে পরিচালনা করা হয়, সুতরাং শুরু করার জন্য কখনোই খুব বেশি দেরি হয়ে যায়নি।

Age Cymru-এর সাথে সম্পৃক্ত থাকার অন্যান্য উপায়:
Nordic Walking
Tai chi

@AgeCymru
 Age Cymru
 @agecymru

More videos of activities you can try out at home can be accessed here:
www.ageuk.org.uk/cymru/our-work/physical-activity

Môn CF

কর্মসংস্থান প্রশিক্ষণ ও পরামর্শ সেবা সরবরাহ করে। আমলউচ, হলিহেড, মেনাই ব্রিজ ও ব্যাল্গোরে অফিস।

01407 762004 info@moncf.co.uk www.moncf.co.uk

Môn Older People Project (Gorwel) – Llangefni

অ্যাঞ্জেলসিতে 55 বছর বা তার বেশি বয়সীদের জন্য আবাসন সম্পর্কিত সহায়তা।

0300 111 0226 poblhyn@gorwel.org

Parabl

আপনার মানসিক স্বাস্থ্য সহায়তায় স্বল্পমেয়াদী থেরাপিউটিক ইন্টারভেনশন - পরামর্শ ও থেরাপিউটিক গ্রুপগুলো প্রস্তুত করে।

0300 777 2257 ask@parabl.org www.parabl.org.uk

Royal Voluntary Service Gwynedd and Anglesey

Anglesey জুড়ে স্বেচ্ছাসেবকরা যারা প্রবীণরা যাতে তাদের স্বাধীনতা বজায় রাখতে ও তাদের স্থানীয় কমিউনিটিসমূহ Lunch Clubs, Good Neighbours, Community Transport and Hospital Support-এর সাথে যুক্ত থাকতে পারেন সে জন্য সহযোগিতা ও সহায়তা প্রদান করেন।

01248 661915 YnysMonGwyneddHub@royalvoluntaryservice.org.uk

Small Woods Wales – Active Woods Wales

উডল্যান্ড ক্লাফট, মাইন্ডফুলনেস, হাঁটাচলা, বৃক্ষক্রাফট ও ফায়ার-কুকিং এর মতো কার্যক্রমের সেশনের মাধ্যমে উডল্যান্ডের ব্যবহারে সহায়তা করা। যেসকল প্রাপ্তবয়স্ক ও সন্তান সহ পরিবার তাদের স্বাস্থ্য ও সুস্থতা উন্নত করতে চান তাদের জন্য সেশন।

07590 383153 / 07932 924652 actifwoodsanglesey@smallwoods.org.uk

www.facebook.com/ActifWoodsAnglesey

Teulu Môn (County Council) – Llangefni

শিশু, পরিবার ও পেশাদারদের জন্য 0-25 বছর বয়সী শিশু বা শিশুদের পরিবার সম্পর্কিত তথ্য, পরামর্শ ও সহায়তার জন্য বিনামূল্যের সেবা।

01248 72588 8 teulumon@ynysmon.gov.uk www.facebook.com/teulumon

ফুড ব্যাংক: হলিহেড – 07557 333 498

করোনভাইরাস মহামারীকালে পপ আপ ফুড ব্যাংকসমূহ: লেঞ্জফনি, আমলউচ, হলিহেড ও মেনাই ব্রিজ.

সুস্থতার 5টি উপায়-এর প্রাতিষ্ঠানিক লিঙ্কসমূহ:

খেয়াল করুন সংযোগ করুন সক্রিয় হোন শিখতে থাকুন দিতে শিখুন

Conwy

এই অংশে 20টি প্রতিষ্ঠান রয়েছে যারা তাদের স্থানীয় কমিউনিটির লোকদের জন্য স্বাস্থ্য / সুস্থতা সহায়তা ও কার্যকলাপ প্রদান করে। আরো অনেক গ্রুপ রয়েছে, সুতরাং আপনি যদি এই পেজে আপনাকে আগ্রহী করার মতো কিছু দেখতে না পান, তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় সামাজিক প্রেসক্রাইবিং সেবা [British Red Cross](#) (কো-অপ দ্বারা অর্থায়িত)-এর সাথে 0344 871 1111 নম্বরে যোগাযোগ করুন যারা আপনাকে আপনার কাজ/সেবার চাহিদায় সাইনপোস্ট করতে পারে। আপনি Race Equality First-এর সাথেও সবসময় যোগাযোগ রাখতে পারেন এবং আমরা আপনাকে এই গ্রুপ/সেবাগুলোর যে কোনোটিতে অ্যাক্সেস করার পাশাপাশি আপনার অন্যান্য প্রয়োজনেও সহায়তা করতে পারি।

Age Connect North Wales Central

স্বাধীনতা, ক্ষমতায়ন ও সুস্থতাকে উৎসাহিত করে কমিউনিটি সেবার মাধ্যমে মানুষের জীবনযাত্রার মান উন্নত করার লক্ষ্যে কাজ করে। সকল প্রাপ্ত বয়স্ক ব্যক্তিকে বিভিন্ন উপায়ে সহযোগিতা করার পাশাপাশি 50+ বছর বয়সের লোকদেরকে সহায়তা প্রদান করার ক্ষেত্রে বিশেষজ্ঞ।

0300 2347 007 enquiries@acnwc.org www.ageconnectsnwc.org/en

CAB Conwy District (Citizens Advice Bureau)

বিনামূল্যে, স্বাধীন ও গোপনীয় পরামর্শ যা লোকদেরকে আইনি ও আর্থিক উদ্বেগের ব্যাপারে সহায়তা করে।

0344 4772020 www.adviceguide.org.uk

Adferiaid (CAIS)

CAIS একটি নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান যা লোকদেরকে তাদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনতে সহায়তা করে। এই লোকেরা নির্ভরতা, মানসিক স্বাস্থ্য সমস্যা, বেকারত্ব, আপত্তিকর পাশাপাশি জীবনে অন্যান্য চ্যালেঞ্জ দ্বারা আক্রান্ত হতে পারে।

0345 061 2112 enquiries@cais.org.uk www.cais.co.uk / www.adferiad.org.uk

Carers Outreach Service Conwy

অবৈতনিকভাবে তত্ত্বাবধায়ন সেবাদানকারীদের জন্য আবেগজনিত সহায়তা ও তথ্য। আমরা টেলিফোনে বা সরাসরি আমাদের অফিসগুলোতে বা কেয়ারারের বাড়িতে সহায়তা প্রদান করতে পারি। অনেক কেয়ারার তাদের কেয়ারার ভূমিকার কারণে যে বিচ্ছিন্নতার মুখোমুখি হন তা কমানোয় সহযোগিতা করার জন্য আমরা স্বাস্থ্য ও সুস্থতা ইভেন্টগুলো এবং অন্যান্য সামাজিক সুযোগগুলো সংগঠিত করি। আমাদের সেবা বিনামূল্যে ও গোপনীয়।

01492 533714 help@carersoutreach.org.uk www.carersoutreach.org.uk

Centre of Sign-Sight-Sound

CAS নিশ্চিত করে যে প্রতিবন্ধী ও ইন্দ্রীয় অক্ষমতার লোকেরা যেন তাদের প্রাথমিক ভাষা এবং/অথবা পছন্দের ভাষায়, তাদের প্রাথমিক জীবনের গুরুত্বপূর্ণ বিষয়গুলোর ব্যাপারে অবহিত পছন্দ নির্ধারণ করতে প্রয়োজনীয় তথ্য, পরামর্শ ও সেবাগুলো অ্যাক্সেস করতে সক্ষম হন।

01492 530013 info@signsightsoud.org.uk www.centrefsignsightsound.org.uk

Conwy and Denbighshire Mental Health Advocacy Service

তরুণ ব্যক্তি ও প্রাপ্তবয়স্ক মানসিক স্বাস্থ্য ব্যবহারকারীদের জন্য একটি স্বাধীন, গোপনীয় ও বিনামূল্যের ওকালতি সেবা।

01745 813999 or 03007701842 admin@cadmhas.co.uk cadmhas.com

Conwy Communities Wellbeing Team (County Council)

টিমটি এখানে Conwy কাউন্টিতে বসবাসকারী বয়স্ক ব্যক্তিদেরকে তাদের শারীরিক ও মানসিক সুস্থতা উন্নয়ন বাড়াবার সুযোগ নিতে সহায়তা করার জন্য রয়েছে। আপনি একটি গানের বা সামাজিক দলে যোগ দিতে, যোগব্যায়াম করতে, বন্ধুত্ব গড়ার সেবার মাধ্যমে ফোনে কারো সাথে চ্যাট করতে আগ্রহী হতে পারেন বা হতে পারে আপনি আসলে কী করতে চান সে ব্যাপারে আপনি নিশ্চিত নন। আমরা আপনাকে তথ্য প্রদান করতে পারি ও আপনার চাহিদা পূরণের জন্য আপনাকে সঠিক কাজ, দল বা সহায়তার দিকে পরিচালিত করতে পারি।

01492 577449 stayingwell@conwy.gov.uk

www.conwy.gov.uk/en/Resident/Leisure-sport-and-health/Community-wellbeing/...

Conwy Connect

চারিটি শিখণ অক্ষমতার মানুষের অধিকার নিশ্চিত করতে ও তারা যেন তাদের কমিউনিটিতে তাদের পছন্দ ও সুযোগের সমঅধিকার পায় তা নিশ্চিত করতে সহায়তা করে।

01492 536486 | catharine@conwy-connect.org.uk | www.conwy-connect.org.uk

Conwy Flying Start

আপনার ও আপনার সন্তানদের জন্য মানসম্পন্ন খেলাধুলা ও বিকাশের অভিজ্ঞতা প্রদান করতে। 0-4 বছরের বাচ্চাদেরকে তাদের জীবনে একটি ফ্লাইং স্টার্ট দিতে পরিবারগুলোকে সহায়তা করা। ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করুন।

01492 576380 | flying.start@conwy.gov.uk
www.conwy.gov.uk/en/Resident/Social-Care-and-Wellbeing/Children-and-families/Flying-Start...

Conwy Libraries

আবার্গেল, সেরিগাইডুডিয়ন, কলউইন বে, কনউই, কিনমেল বে, ল্যান্ডলুনো, লানফায়ারফেচান, ল্যানারউস্ট, পেনমেনমার, পেনারহিন বে-তে রয়েছে

<https://www.conwy.gov.uk/en/Resident/Libraries-Museums-and-Archives/Libraries....>

Conwy Mind

স্থানীয় মানসিক স্বাস্থ্য দাতব্য প্রতিষ্ঠান যা মানসিক বা আবেগজনিত স্বাস্থ্য সমস্যাগুলোর মুখোমুখি মানুষের জন্য তথ্য, পরামর্শ, আলোচনা, সহায়তা ও কার্যকলাপ প্রদান করে।

01492 879 907 | info@conwymind.org.uk | www.conwymind.org.uk

Conwy Valley Maze

পুরস্কারজয়ী ধাঁধাতে প্রকৃতির সমস্যা সমাধান উপভোগ করুন!

01492 660900 | www.big-maze.co.uk

Conwy Valley Ramblers Walking Group

Vale of Clwyd Walking Group হলো কনউই ভিত্তিক এবং The Ramblers-এর স্থানীয় গ্রুপ।

01492 874563 | www.conwyvalleyra.org.uk / www.ramblers.org.uk/conwy-valley

Conwy Voluntary Service Council

কনউই কাউন্টিতে স্বৈচ্ছাসেবী ও কমিউনিটি কার্যকলাপের বিকাশ, সমর্থন ও প্রচার করছে।

01492 534091 | www.cvsc.org.uk/en

MIND-এর পক্ষ থেকে সুস্থাস্থ্যের জন্য 5টি শীর্ষ উপদেশ

যোগাযোগ করুন ...

- ইমেইল পাঠানোর পরিবর্তে কারো সাথে কথা বলুন
- নতুন কারো সাথে কথা বলুন
- তার সপ্তাহান্তের অবকাশ কেমন গেল এ বিষয়ে কাউকে জিজ্ঞাসা করুন এবং তার কথা আন্তরিকভাবে শুনুন
- কেউ আসলেই কেমন তা বোঝার জন্য 5 মিনিট বরাদ্দ রাখুন
- বাড়ি ফেরার পথে একজন সহকর্মীকে লিফট দিন অথবা তাদের সাথে যাত্রাটি শেয়ার করুন



North East Wales
Gogledd Ddwyrain
Cymru

@NEWalesMind
Mind North East Wales
@mind_northeastwales



Carers Wales

সুস্থতা বিষয়ক উপদেশ

নিজেই নিজের তত্ত্বাবধানের জন্য সময় বের করুন - আপনি যাদের খেয়াল রাখেন তাদের মতো আপনি নিজেও সমান গুরুত্বপূর্ণ।

সুস্থতা বিষয়ক কার্যক্রম

নিজের কঠিন সময়ে, দ্রুত মননশীল 5 মিনিটের যেকোনো ভিডিও থেকে সাহায্য নেওয়ার জন্য YouTube ব্যবহার করুন অথবা আপনি শৈশবে যে গানটি উচ্চস্বরে গেয়ে আপনার পিতামাতাকে বিরক্ত করছেন সেই গানটি বাজিয়ে শুনুন!



[CarersWales](https://www.carerswales.org)

[Carers Wales](https://www.carerswales.org)

www.carersuk.org/WALES

02920 811370

info@carerswales.org

Families First

Families First হলো এমন একটি গ্রুপ যা কঠিন সময়ে আপনার পরিবারকে সহায়তা করতে পারে। আমরা আপনার পরিবারকে সহায়তা করি এবং সকল চাহিদা যেন সমন্বিত পদ্ধতিতে পূরণ হয় তা নিশ্চিত করতে কাজ করি।

familiesfirst@conwy.gov.uk | www.conwy.gov.uk/en/Resident/Social-Care-and-Wellbeing...

Haven of Light

দাতব্য প্রতিষ্ঠানটি প্রতিরোধ, সচেতনতা বৃদ্ধি, শিক্ষা, ওকালতি ও ভুক্তভোগীদেরকে সহায়তার মাধ্যমে আধুনিক দাসত্ব, মানব পাচার ও শোষণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করে।

07929 777347 | info@havenoflight.uk | www.havenoflight.co.uk

ICAN Conwy

ICAN ঐ সকল লোকের জন্য সহজে অ্যাক্সেসযোগ্য প্রাথমিক সহায়তা প্রদান করে যারা তাদের মানসিক স্বাস্থ্য ও সুস্থতার ব্যাপারে সমস্যার সম্মুখীন হয়েছেন। ICAN-এর মাধ্যমে আপনি ঋণ, সম্পর্ক ভেঙে যাওয়া, মাদক বা অ্যালকোহলের সমস্যা, কর্মসংস্থানের অসুবিধা, মৃত্যু শোক, বাসস্থান ও নিঃসঙ্গতা সহ বিভিন্ন বিষয়ে সহায়তা ও পরামর্শ অ্যাক্সেস করতে পারেন।

01492 879907 | conwymind.org.uk/how-we-can-help/the-hub

Reading Groups

পড়ার জন্য আপনার আবেগ ও আগ্রহ অন্যদের সাথে শেয়ার করুন, নতুন লেখক আবিষ্কার করুন বা আমাদের মাসিক বইপড়া গ্রুপগুলোতে যোগ দিয়ে ভিন্ন কিছু করার অনুপ্রেরণা নিন।

01492 576139 | library@conwy.gov.uk

www.conwy.gov.uk/en/Resident/Libraries-Museums-and-Archives/Libraries...

RSPB Conwy

পাখি দেখা ও সুন্দর হাঁটা উপভোগ করার জন্য একটি মনোরম নেচার রিজার্ভ।

01492 584091 | conwy@rspb.org.uk | www.rspb.org.uk/reserves-and-events...

Together for Colwyn Bay

এই প্রোজেক্টটি ভবিষ্যতে সুস্থতা ও বিনিয়োগের দিকে মনোনিবেশ করে তৃণমূলের কমিউনিটি কার্যকলাপকে সহায়তা করে। ইভেন্ট, ফ্যাসিলিটি, সবুজ জায়গা, কমিউনিটি উদ্যোগ, যোগাযোগ এবং আরো অনেক কিছুতে বিনিয়োগের মাধ্যমে প্রোজেক্টটি ব্যক্তি ও কমিউনিটি গোষ্ঠীর ক্ষমতায়নে মনোনিবেশ করে।

georgiagwil@tapemusicandfilm.co.uk | www.togetherforcolwynbay.org/get-involved

www.facebook.com/TogetherForColwynBay

ফুড ব্যাংক: www.conwyfoodbank.co.uk

সুস্থতার 5টি উপায়-এর প্রতিষ্ঠানিক লিঙ্কসমূহ:



Gwynedd

এই অংশে 20টি প্রতিষ্ঠান রয়েছে যারা তাদের স্থানীয় কমিউনিটির লোকদের জন্য স্বাস্থ্য / সুস্থতা সহায়তা ও কার্যকলাপ প্রদান করে। আরো অনেক গ্রুপ রয়েছে, সূতরাং আপনি যদি এই পেজে আপনাকে আগ্রহী করার মতো কিছু দেখতে না পান, তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় সামাজিক প্রেসক্রাইবিং সেবা [Gwynedd Social Prescriptions](#)-এর সাথে 01286 672626 বা 07940375467 নম্বরে যোগাযোগ করুন যারা আপনাকে আপনার কাজ/সেবার চাহিদায় সাহিনপোষ্ট করতে পারে। আপনি Race Equality First-এর সাথেও সবসময় যোগাযোগ রাখতে পারেন এবং আমরা আপনাকে এই গ্রুপ/সেবাগুলোর যে কোনোটিতে অ্যাক্সেস করার পাশাপাশি আপনার অন্যান্য প্রয়োজনেও সহায়তা করতে পারি।

Abbey Road Centre – Bangor

মানসিক স্বাস্থ্য ও সুস্থতা কেন্দ্র - কার্যকলাপ, ওয়ান-টু-ওয়ান সহায়তা, পরামর্শ সেবা, থেরাপি ও প্রশিক্ষণ।

☎ 01248 354888 ✉ ARC@abbeyroadcentre.co.uk 🌐 www.abbeyroadcentre.co.uk

Adferiaid (CAIS)

CAIS একটি নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান যা লোকদেরকে তাদের জীবনে ইতিবাচক পরিবর্তন আনতে সহায়তা করে। এই লোকেরা নির্ভরতা, মানসিক স্বাস্থ্য সমস্যা, বেকারত্ব, আপত্তিকর পাশাপাশি জীবনে অন্যান্য চ্যালেঞ্জ দ্বারা আক্রান্ত হতে পারে।

☎ 0345 061 2112 ✉ enquiries@cais.org.uk 🌐 www.cais.co.uk / www.adferiad.org.uk

Canolfan SSIE/ ESOL Centre, Grwp Llandrillo-Menai

শিক্ষানবিস থেকে শুরু করে অ্যাডভান্সড সকল স্তরে, খণ্ডকালীন বা ফুলটাইম ক্লাস, দিনের বেলা বা সন্ধ্যায় শিখুন, যে কোনো সময় শুরু করুন, আপনার ইংরেজি উন্নত করুন, যোগাযোগ অর্জন করুন (Cambridge English, IELTS), কাজ সন্ধান করুন/আপনার কাজে সহায়তা নিন, বিশ্ববিদ্যালয় ও অন্যান্য কলেজ কোর্সে ভর্তি হোন, আপনার সন্তানদের স্কুলের কাজে সহায়তা করুন, বন্ধু বানান, ওয়েলশ সংস্কৃতি সম্পর্কে জানুন।

☎ 01248 383 347 ✉ esol@gllm.ac.uk 🌐 www.gllm.ac.uk/learn-teach-english

Carers Outreach Service

গোয়েনেড, কোনউই ও অ্যাঙ্গেলসিতে অবৈতনিকভাবে তত্ত্বাবধায়ন সেবাদানকারীদের জন্য সহায়তা, আপনার কেয়ারার দায়িত্বসমূহের সাথে মানিয়ে নিতে সহযোগিতা। যদি আপনার তথ্য, সহায়তা বা শুধু নিজের জন্য সময় প্রয়োজন হয়, তাহলে আপনার জন্য Carers Outreach রয়েছে।

☎ 01248 370797 ✉ help@carersoutreach.org.uk 🌐 www.carersoutreach.org.uk

Creative Gwynedd

স্বচ্ছাসেবী প্রতিষ্ঠান যা শিল্পে অংশগ্রহণ ও শিল্প উপভোগ করার সুযোগ বৃদ্ধির লক্ষ্যে কাজ করে। ইভেন্ট, ওয়ার্কশপ, কোর্স ও সকল ধরনের সৃজনশীল প্রোজেক্টে অংশগ্রহণের সুযোগ। নাটক, গান, চিত্রকর্ম ও নাচে অংশগ্রহণ করুন।

☎ 01286 679721 ✉ post@gwyneddgreadigol.com 🌐 www.gwyneddgreadigol.com

Cwmni Byw'n Iach

ব্যালোর থেকে টাইউইন পর্যন্ত গোয়েনেড ভিত্তিক 11 টি বিভিন্ন আকারের অবসর কেন্দ্র অন্তর্ভুক্ত রয়েছে। তারা গোয়েনেডের বাসিন্দাদের জন্য স্বাস্থ্য এবং সুস্থতার সুযোগগুলো প্রদান করে। ওয়েবসাইটে

11টি সাইট সম্পর্কে আরো তথ্য রয়েছে www.bywniach.cymru/en ওয়েবসাইটে

Family Information Service

বাসিন্দাদের জন্য শিশুদের যত্ন, সহায়তা সেবা, তরুণ ও পারিবারিক বিষয়ে বিনামূল্যের বিশেষজ্ঞ তথ্য ও দিকনির্দেশিকা।

☎ 01248 352436 / 07976 623816 ✉ GGTGwyneddFIS@gwynedd.llyw.cymru 🌐 www.ggd.cymru

Felin Fach Centre – Pwllheli

থেরাপিউটিক সেবা, মধ্যাহ্নভোজ বা চা খেতে খেতে সামাজিকীকরণ, বেনিফিট ও আবাসন সংক্রান্ত সহায়তা

☎ 01758 701611 🌐 www.facebook.com/Canolfan-Felin-Fach-Centre-197541023595215

Gorwel – Llangefni

গ্রহ নির্যাতনের শিকার নারী, পুরুষ ও শিশুদের জন্য সহায়তা এবং গৃহহীনতা প্রতিরোধ সেবা। সুবিধা, অনুদান ও আইনি সমস্যা, সুরক্ষা, স্বাস্থ্য সমস্যা, শিক্ষা, প্রশিক্ষণ, ব্যবহারিক দক্ষতা এবং শিশুদের বিষয়ে সহায়তা প্রদান করতে পারে।

☎ 0300 111 2121 ✉ gorwel@gorwel.org 🌐 www.gorwel.org

Gwaith Gwynedd

লোকদেরকে প্রশিক্ষণ, স্বচ্ছাসেবা ও কর্মসংস্থান খুঁজে পাওয়ার জন্য দক্ষতা বিকাশে সহায়তা করতে বন্ধুত্বপূর্ণ পরামর্শ ও দিকনির্দেশনা, সরাসরি সহায়তা এবং পরামর্শদান। এছাড়াও লোকদের জটিল সমস্যা মোকাবিলায় সহায়তা করে, হোক সেটি মানসিক স্বাস্থ্য, সুস্থতা বা আবাসন সমস্যা।

☎ 01286 674698 ✉ gwaithgwynedd@gwynedd.llyw.cymru

🌐 www.gwynedd.llyw.cymru/en/Residents/Residents.aspx

Gwynedd Community Arts

ব্যক্তিগত, সামাজিক, অর্থনৈতিক ও কমিউনিটি সুস্থতার জন্য লোকদেরকে শিল্পের অ্যাক্সেস করতে, উপভোগ করতে ও অভিজ্ঞতা অর্জনে সহায়তা করা।

☎ 01286 679721 ✉ celf@gwynedd.llyw.cymru

🌐 <https://www.gwynedd.llyw.cymru/en/Residents/Leisure-parks-and-events...>

Gwynedd Libraries

Reading Well-এর ঋণ ও অন্তর্ভুক্ত: মানসিক স্বাস্থ্য স্ব-সহায়ক বই, কম্পিউটার অ্যাক্সেস, ডিজিটাল/কম্পিউটার দক্ষতা ও হোস্ট কার্যকলাপ যেমন শিথিলায়নের জন্য কালারিং, পরিবার, ইতিহাস সেশন, ক্রাফ্ট সেশন ও রিডিং গ্রুপগুলোর মতো সহায়তা।

☎ 01286 679463 ✉ llyfgrgel@gwynedd.llyw.cymru

🌐 www.gwynedd.llyw.cymru/en/Residents/Libraries-and-archives/Libraries-and-archives.aspx

Gwynedd Volunteer Centre (Mantell Gwynedd)

স্বচ্ছাসেবায় আগ্রহী ব্যক্তিদেরকে পরামর্শ ও সহায়তা প্রদান করে। অতিরিক্ত সহায়তার প্রয়োজন রয়েছে এমন ব্যক্তিদেরকে সহায়তা প্রদান সহ আপনার এলাকায় স্বচ্ছাসেবী সুযোগগুলো খুঁজে পেতে সহায়তা করতে পারে।

☎ 01286 672 626 ✉ gwirfoddoli@mantellgwynedd.com 🌐 www.mantellgwynedd.com

Menter Fachwen

শিক্ষণ অক্ষমতার লোকদেরকে সামাজিক উদ্যোগগুলোতে কর্ম-ভিত্তিক সুযোগ প্রদান করার মাধ্যমে সহায়তা করছে। সংরক্ষণ, ক্যাটারিং, উদ্যানপালন, কার্টিমিস্ত্রি ও কেয়ারে স্বচ্ছাসেবা দিচ্ছে। তাদের পক্ষে কাজ করা বা তাদের সহায়তা প্রয়োজন এমন যে কোনো ব্যক্তির জন্য হাঁটাচলা, আরোহণ ও ক্যানোয়িং রয়েছে। অবস্থানগুলো Fachwen, Deiniolen, Llanberis ও Cwm y Glo-তে।

☎ 01286 872 014 ✉ cbee@menterfachwen.org.uk 🌐 www.menterfachwen.org.uk

The Mentor Ring যার অংশীদারিত্ব রয়েছে Diabetes UK-এর সাথে

স্বাস্থ্য বিষয়ক শীর্ষ উপদেশ:

নতুন স্বাস্থ্যকর খাবার খুঁজতে একটি থিম টেস্টিং দিবস পালনের চেষ্টা করে দেখুন! নতুন রান্নার স্বাদ পেতে এটি একটি চমৎকার পন্থা, উদাহরণস্বরূপ- একটি মেক্সিকান খাদ্য দিবস অথবা ডিনর ধরনের খাবার, যেমন- আপেল অফার করা একটি সবুজ খাবার দিবস, টোস্টের সাথে এভোকাডো অথবা থাই গ্রিন কারি।

☎ 02921 321 073

✉ info@mentorrings.org.uk

🌐 mentorrings.org.uk

🐦 [@thementorrings](https://twitter.com/thementorrings)

📌 [The Mentor Ring](https://www.facebook.com/TheMentorRing)

📍 [@thementorringswales](https://www.instagram.com/thementorringswales)



Tan Y Maen-এর মননশীল উপদেশ

আকাশ দেখুন। হাঁটার সময় অথবা বাসার বাগানে আছেন অথবা জানালার পাশে আছেন এমন সময় আকাশের দিকে তাকিয়ে থাকার জন্য হাতে 5 মিনিট রাখুন। মেঘ, মেঘের রং এবং আকৃতি বোঝার চেষ্টা করুন, পাখি দেখুন - তারা কি উড়ে চলে যাচ্ছে, চক্রাকারে উড়ে, বাতাসে ভেসে আছে না কি আশপাশে কোনো পাখিই নেই? আকাশ সর্বদা পরিবর্তন হচ্ছে, কোনো দুই সময়ের আকাশকে কখনো একসাথে মিলানো যাবে না, এমনকি একটি ধূসর মেঘাচ্ছন্ন দিনেও তাদের রং এবং গভীরতায় সূক্ষ্ম পরিবর্তন থাকে। আকাশ নিজেকে নিজে বিচার করে না, এটি তার মতো করে আছে, সুতরাং আকাশকে ভালো অথবা মন্দ ভাববেন না, আকাশের সাথে আপনার শান্তিময় পাঁচটি মিনিট উপভোগ করুন এবং আপনার বাকি দিনের দিকে এগিয়ে যান, প্রাকৃতিক জগতের বিস্ময়টা আপনার সাথে নিয়ে বাকি দিনটি সম্পন্ন করুন।



@tanymaen
Tan y Maen

Small Woods – Active Woods Wales’s Woodland

Activities Programme

উডল্যান্ড ক্রাফট, মাইন্ডফুলনেস, হাঁটাচলা, বৃক্ষক্রাফট ও ফায়ার-কুকিং এর মতো কার্যকলাপের সেশনের মাধ্যমে উডল্যান্ডের ব্যবহারে সহায়তা করা। যেসকল প্রাপ্তবয়স্ক ও সন্তান সহ পরিবার তাদের স্বাস্থ্য ও সুস্থতা উন্নত করতে চান তাদের জন্য সেশন।

07816 041570 actifwoodsgwynedd@smallwoods.org.uk www.smallwoods.org.uk

Sporting Memories Social Club

50 বছরের বেশি বয়সের যে কোনো খেলাধুলাপ্রেমী ব্যক্তির জন্য উন্মুক্ত যারা দেখা করতে ও স্মৃতিচারণ করতে পারেন। শারীরিক ক্রিয়া ও অ্যাক্রোসযোগা খেলাধুলায় অংশগ্রহণের সুযোগ অন্তর্ভুক্ত।

01248 352436 / 07976 623816 emmajaynequaack@gwynedd.llyw.cymru

Tan Y Maen Health and Wellbeing Centre - Dolgellau and Blaenau Ffestiniog

মানসিক ও আবেগজনিত স্বাস্থ্য সমস্যার মুখোমুখি ব্যক্তি ও কেয়ারারদের মানসিক চাপ কমানোর জন্য ব্যক্তিগত সহায়তা, ড্রপ-ইন গ্রুপ, থেরাপি সেশন, থেরাপিউটিক কোর্স, মাইন্ডফুলনেস সেশন।

